

এপিটাফ

হিন্দোল ভট্টাচার্য

জানলা বন্ধ একটা ঘরের ভিতর বুকে হেটে ঘুরে বেড়াচ্ছি আমরা
উদাসীন থিলের গায়ে মাথা রেখে কেঁদে উঠছি
দরজা খুললেই আর তোমার মুখ দেখতে পাব না
বারান্দা থেকে আর কেউ হাত নেড়ে জানাবে না তার চোখের জল
নিজে হাতে, আমি সব জল গড়িয়ে দিয়েছি
একটানা একটা দাগ আমাদের জীবনের ভিতর হাঁ করে রয়েছে
গিলতে আসা সাপের মুখের ভিতরে বসে আমরা স্বপ্ন দেখেছিলাম
এখন ট্রেনের এগিয়ে আসা দেখতে দেখতে মনে হয়

আমারও যাবার দিন ঘনিয়ে এসেছে
নিজেকে খোদাই করতে চাওয়া বিষাক্ত এই হাত তোমাকে ভালবাসেনি
ভালবাসেনি তোমার চোখের ভিতর ঘুমিয়ে থাকা
নীরবতাগুলিকে

কাণ্ডজে নৌকার মতো এই জীবন
পুরোনো টিকিটের ছাপ নিয়ে ভেসে যায়
আর কোথাও না, কোনওদিন না,- কোনও দুঃখের ভিতর নয়
কোনও আনন্দের ভিতর নয়,- ঝিরঝির বাতাসের কাছে নয়
নির্লিপ্ত বারান্দার এককোণ থেকে আর এক কোণে
আর কোনওদিন তোমার সঙ্গে দেখা হবে না আমার

নিজের শরীরের গন্ধ শূঁকতে শূঁকতে আমি নিজেকে পকেটে পুরে নেব